

আন্তর্জাতিক

বিয়ের আনন্দ মুহূর্তেই বিষাদ, কঙ্গোতে আগুনে নিহত ২২

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: সোমবার, ০৭ সেপ্টেম্বর ২০২৬, ০৯:৫৩ AM



বিয়ের আনন্দ মুহূর্তেই পরিণত হলো শোকে। গণতান্ত্রিক কঙ্গো প্রজাতন্ত্রের রাজধানী কিনশাসায় বিয়ের অনুষ্ঠানে ভয়াবহ অগ্নিকাণ্ডে অন্তত ২২ জন নিহত হয়েছেন। আহত হয়েছেন বেশ কয়েকজন। উদ্ধার ও শনাক্তকরণ কার্যক্রম শেষে নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে জানিয়েছেন স্থানীয় কর্মকর্তারা।

গুত্রবার (৫ সেপ্টেম্বর) রাতে লিংওয়ালা এলাকার একটি ভবনে বিয়ের অনুষ্ঠান চলাকালে আগুনের সূত্রপাত হয়। মুহূর্তের মধ্যে আগুন পুরো ভবনে ছড়িয়ে পড়লে অতিথিদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সরু করিডোর ও সীমিত বের হওয়ার পথ থাকায় অনেকে ভবনের ভেতরে আটকা পড়েন।

লিংওয়ালা এলাকার মেয়র নরবার্ট মুশিঙ্গা জানান, প্রাথমিকভাবে ২২ জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত হওয়া গেছে। আহতদের রাজধানীর বিভিন্ন হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। আগুন লাগার কারণ এখনো জানা যায়নি। বিষয়টি তদন্ত করছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ।

ঘটনাস্থল পরিদর্শন করেছেন কঙ্গোর উপপ্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী জ্যাকম্যাঁ শাবানি। তিনি ঘটনাটিকে মর্মান্তিক ট্রাজেডি উল্লেখ করে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর প্রতি সমবেদনা জানিয়েছেন।

স্থানীয় সংবাদমাধ্যমের তথ্য অনুযায়ী, নিহতদের মধ্যে কঙ্গোর জাতীয় রেডিও ও টেলিভিশনের ক্যামেরাম্যান গাই কিতোকো আলোমাও ছিলেন। মর্মান্তিক এ ঘটনায় কিনশাসাজুড়ে শোকের ছায়া নেমে এসেছে।

এ বিভাগের আরও খবর



রিয়াদে আরামকো স্থাপনায় ফেপগান্স-ড্রোন হামলার দাবি ছতিদের
সৌদি আরবের রাজধানী রিয়াদে রাষ্ট্রীয় তেল কোম্পানি আরামকোর একটি স্থাপনায় ব্যালিস্টিক ফেপগান্স ও ড্রোন দিয়ে হামলার দাবি করেছে ইয়েমেনের সশস...



হুথিদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে হুথীদের চার ড্রোন, দুই ফেপগাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের হুথীদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ফেপগাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/international/biyer-annd-muhurtei-bishad-knggote-agune-niht-22>